



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়
ফরিদগঞ্জ, চাঁদপুর।

<http://bbs.faridgonj.chandpur.gov.bd>

নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর এর আওতাধীন “জনশুমারি ও গৃহগণনা-২০২১” প্রকল্পের আওতায় লিস্টিং/শুমারি পরিচালনার জন্য তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার (শুমারি কর্মী) যাচাই বাছাই এর লক্ষ্যে নিম্ন শর্ত মোতাবেক নির্ধারিত ফরমে ফরিদগঞ্জ উপজেলার স্থায়ী নাগরিকদের মধ্য হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে তবে মাত্রক উত্তীর্ণ প্রার্থীগণ অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও সহজে বোধগম্য হতে হবে। Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও সহজে বোধগম্য হতে হবে। Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১৫০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন। একজন সুপারভাইজার ৫-৭ জন তথ্য সংগ্রহকারীর কাজ তদারকী দায়িত্বে থাকবেন।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা গণনাকারী/তালিকাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে।
- লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এবং নাগরিকত্ব সনদসহ ও অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত কপি এবং ২ কপি সদ্য তোলা (পাসপোর্ট সাইজ) সত্যায়িত ফটো আবেদনের সাথে জমা দিতে হবে।

অন্যান্য তথ্যাবলী:

- ফরিদগঞ্জ উপজেলার নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর ওয়েবসাইট faridgonj.chandpur.gov.bd এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর এর ওয়েবসাইট bbs.faridgonj.chandpur.gov.bd থেকে ডাউনলোড/সংগ্রহ করে আবেদনের নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম উপজেলা ডিজিটাল সেন্টার, উপজেলা পরিসংখ্যান কার্যালয় ফরিদগঞ্জ, চাঁদপুর থেকেও সংগ্রহ করা যাবে।
- নির্বাচনী পরীক্ষার স্থান ও তারিখ ফরিদগঞ্জ উপজেলার ওয়েবসাইট faridgonj.chandpur.gov.bd এবং উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর এর ওয়েবসাইট bbs.faridgonj.chandpur.gov.bd এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। মৌখিক পরীক্ষার সময় নিজস্ব স্মার্টফোন এবং সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- সকল পদের আবেদন ফরম বদ্ধ খামের উপর পদের নাম, ইউনিয়ন ও মৌজার নাম উল্লেখপূর্বক আগামী ২০/০১/২০২০খি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। খামের নমুনা সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে দেখা যাবে। প্রবেশপত্র/সাক্ষাতকার পত্রের দুই অংশের মধ্যে একটি অংশ জমাদানপূর্বক অপর অংশটি প্রার্থীকে সংগ্রহ করতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- যোগ্য প্রার্থীদের তালিকা ৩০ জানুয়ারি'২০২০ খি. তারিখে সংশ্লিষ্ট ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- নির্বাচিত/অপেক্ষমান প্রার্থীদের মৌজা ভিত্তিক তালিকা উপজেলা নোটিশ বোর্ডে/উপজেলা পরিসংখ্যান কার্যালয়, ফরিদগঞ্জ, চাঁদপুর এর নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তাঁর পরিবর্তে অপেক্ষমান তালিকা থেকে নিয়োগ করা হবে।
- তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর সম্মানি/পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- নিয়োগের ক্ষেত্রে যেকোন ভদবিয়/সুপারিশ অযোগ্যতা বলে বিবেচিত হবে।

শিউলী হারি
২৪/০১/২০২০

উপজেলা নির্বাহী কর্মকর্তা,
ফরিদগঞ্জ, চাঁদপুর

ও

সভাপতি

“জনশুমারি ও গৃহগণনা-২০২১” এ তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার (শুমারি কর্মী) যাচাই বাছাই কমিটি